

তালা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ  
রেজি: নংঃ ১০, তারিখ : ১৪/১০/১৯৮০ খ্রিঃ।  
(বিআরডিবি'র আওতাভুক্ত)  
তালা, সাতক্ষীরা।

স্মারক নং-৪৭.৬২.৮৭৯০.১০০.১১.০১৪.১৮-৮১৪

তাং : ০৫-১২-২০১৯ খ্রিঃ।

-ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

তালা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ, তালা সাতক্ষীরা এর নিম্ন বর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে সাতক্ষীরা জেলাধীন তালা উপজেলায় স্থায়ী ভাবে বসবাসকারী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম     | বেতন স্কেল(জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা  |
|---------|--------------|---|-----------|---|
| ০১.     | পরিদর্শক     | ১০,২০০/- -২৪,৬৮০/-<br>(১৪ তম গ্রেড)         | ০২(দুই)টি | এইচ.এস.সি/সমমান পরীক্ষায় পাস।<br>কম্পিউটার বিষয়ে পারদর্শী ও অভিজ্ঞতা<br>সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।              |
| ০২.     | হিসাব সহকারী | ১০,২০০/- -২৪,৬৮০/-<br>(১৪ তম গ্রেড)         | ০১(এক)টি  | এইচ.এস.সি (বাণিজ্য)/সমমান পরীক্ষায়<br>পাস। কম্পিউটার বিষয়ে পারদর্শী ও<br>অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার<br>দেওয়া হবে। |

দরখাস্তের শর্তাবলী ঃ-

০১। এই পদটি সম্পূর্ণ অস্থায়ী।

০২। এই নিয়োগ বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় কর্মচারীদের ক্ষেত্রে নিয়োগকৃত কর্মচারীগণ তালা ইউসিসিএ লিঃ, তালা, সাতক্ষীরা'র কর্মচারী হিসাবে গণ্য হবেন এবং ইউসিসিএ লিঃ এর কর্মচারীদের জন্য নির্ধারিত বেতন স্কেল সংশ্লিষ্ট কর্মচারীদের বিতরণকৃত ঋণের অর্জিত সেবামূল্যের অর্থ/ ইউসিসিএ লিঃ এর নিজস্ব আয় দ্বারা কর্মচারীগণ বেতন ভাতা প্রাপ্য হবেন।

০৩। দরখাস্তকারীকে “A4” সাইজের কাগজে কম্পিউটার টাইপ করে ক) নাম, খ) পিতা/স্বামীর নাম, গ) মাতার নাম, ঘ) স্থায়ী ঠিকানা, ঙ) বর্তমান যোগাযোগের ঠিকানা, চ) নিজ জেলা, ছ) জন্ম তারিখ, জ) ২৬/১২/২০১৯ খ্রিঃ তারিখে বয়স, ঝ) মোবাইল নং, ঞ) প্রার্থীর E-mail Id, ট) শিক্ষাগত যোগ্যতা, ঠ) বৈবাহিক অবস্থা, ড) জাতীয়তা, ঢ) ধর্ম, ণ) অভিজ্ঞতা(যদি থাকে), ত) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি, থ) ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ পত্র দাখিল করতে হবে। দ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল প্রকার সনদ পত্র এবং জন্ম নিবন্ধন পত্র/ জাতীয় পরিচয় পত্র ও নাগরিকত্ব সনদ পত্র ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হবে।

০৪। চাকুরীরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।

০৫। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন পত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ ভুয়া ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তাঁর দরখাস্ত নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল করা হবে।

০৬। দরখাস্তের সহিত সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে তালা ইউসিসিএ লিঃ এর বরাবরে ৫০০/= টাকা(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সোনালী ব্যাংক লিঃ, তালা শাখা, সাতক্ষীরা এর অনুকূলে দাখিল করতে হবে।

০৭। দরখাস্ত সমূহ সর্বশেষ ২৬/১২/২০১৯খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, তালা, সাতক্ষীরা এর নিকট ডাকযোগে পৌছাতে হবে। হাতে হাতে, বিলম্বে প্রাপ্ত ও অসম্পূর্ণ আবেদনপত্র সম্পূর্ণ বাতিল বলে গণ্য হবে।

০৮। প্রাথমিক ভাবে বাছাইকৃত প্রার্থীগণকে লিখিত ও মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

- ০৯। প্রার্থীদের বয়স ২৬/১২/২০১৯খ্রিঃ তারিখের অনূদ্ধ ১৮ হতে ৩০ বছর এবং মুক্তিযোদ্ধার সন্তান বা পোষ্যদের বয়স সীমা ৩২ বছর পর্যন্ত হতে হবে।
- ১০। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত যাবতীয় সরকারি নির্দেশনা অনুসরণ করা হবে।
- ১১। মুক্তিযোদ্ধা কোটার স্বপক্ষে অবশ্যই উপযুক্ত প্রমাণপত্র দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে। মুক্তিযোদ্ধা সম্পর্কিত গেজেটের সংশ্লিষ্ট পৃষ্ঠার ফটোকপি এবং ওয়ারিশ সনদপত্র সংযুক্ত করতে হবে।
- ১২। মুক্তিযোদ্ধার সন্তান বা পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।
- ১৩। প্রেরিত দরখাস্তের খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।
- ১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ বাতিল/ স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৫। প্রার্থীকে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিআরডিবি, তালা, সাতক্ষীরা বরাবর আবেদন করতে হবে।
- ১৬। উল্লেখিত শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয় উত্থাপিত হলে নিয়োগ কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৭। বাছাইকৃত প্রার্থীদের প্রবেশপত্র ডাকযোগে ও সংশ্লিষ্ট প্রার্থীর E-mail Id তে প্রেরণ করা হবে।

সন্দীপ কুমার মন্ডল (ই-৩৯৭০)  
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার  
বিআরডিবি  
তালা, সাতক্ষীরা।  
ও  
সদস্য সচিব  
কর্মচারী নিয়োগ কমিটি  
তালা ইউসিসিএ লিঃ  
তালা, সাতক্ষীরা।